গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-৪ (বাজেট)অধিশাখা।
www.moa.gov.bd

**বিষয় ঃ "বিশ্ব খাদ্য দিবস-২০১৬" যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে অনুষ্ঠিত অর্থ উপ-কমিটির সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| **সভাপতি** | ঃ সৈয়দ আলী নাসিম খলিলুজ্জামান, অতিরিক্ত সচিব (নিরীক্ষা), কৃষি মন্ত্রণালয় ও আহ্বায়ক, অর্থ উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬। |
| **সভার তারিখ ও সময়** | ঃ ৩০ আগস্ট ২০১৬ খ্রিঃ, বিকাল ৩.০০ ঘটিকা। |
| **স্থান** | ঃ কৃষি মন্ত্রণালয়ের আইসিটি ল্যাব । |
| **উপস্থিতি** | ঃ পরিশিষ্ট-"ক" |

উপস্থিত সকল সদস্যদের স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। শুরুতেই তিনি বিশ্ব খাদ্য দিবস-২০১৬ যথাযথ মর্যাদায় উদ্‌যাপনের লক্ষ্যে বিগত ২৪ জুলাই ২০১৬ খ্রিঃ কৃষি মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্ত সমূহ এবং প্রদত্ত দিকনির্দেশনা সকলকে অবহিত করেন।

২। অতঃপর সভাপতির আহবানে কৃষি মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ আমিরুল ইসলাম ও সদস্য সচিব, অর্থ উপ-কমিটি বিশ্ব খাদ্য দিবস-২০১৬ উদ্‌যাপনের লক্ষ্যে গঠিত কার্যক্রম বাস্তবায়ন উপ-কমিটিসমূহ যথাঃ- সেমিনার, প্রচার-প্রকাশনা ও খাদ্য প্রদর্শনী উপ-কমিটির প্রতিনিধিগণকে স্ব স্ব উপ-কমিটির বাজেট প্রস্তাবনা উপস্থাপনের অনুরোধ জানান।

৩। সেমিনার উপ-কমিটি, প্রচার-প্রকাশনা উপ-কমিটি এবং খাদ্য প্রদর্শনী উপ-কমিটির পক্ষ থেকে জানান হয় যে, উপকমিটিসমূহের সভা এখনও করা সম্ভব হয়নি। সভা করে স্ব স্ব কমিটির পক্ষ থেকে বাজেট অর্থ উপকমিটির নিকট পেশ করা হবে।

৪। সভায় এফএও প্রতিনিধি ড. নুর আহাম্মদ খোন্দকার ও জনাব ওয়ায়েস কবীর বিশ্ব খাদ্য দিবস-২০১৬ উদ্‌যাপনের লক্ষ্যে ১৬৮০ মার্কিন ডলার অনুদান প্রদানের বিষয়টি অবহিত করেন ।

৫। সভাপতি উপকমিটিসমূহকে সভা করে বিগত বছরের ব্যয় বিবেচনায় বাস্তবতার নিরিখে বাজেট প্রস্তাবনা পেশ করার জন্য অনুরোধ জানান। এক্ষেত্রে ''বিশ্ব খাদ্য দিবস-২০১৬" উদ্‌যাপনের ক্ষেত্রে কোন ক্রমেই বিগত বছরসমূহের তুলনায় যাতে সৌন্দর্য হানি না ঘটে সেদিকে খেয়াল রাখতে হবে।

৬। বিশ্ব খাদ্য দিবস উদ্‌যাপনের ক্ষেত্রে মন্ত্রণালয় থেকে কেন্দ্রীয় বাজেট বরাদ্দ দিয়ে আয়োজনের বিষয়টি আলোচনায় উঠে আসলে অর্থ-উপকমিটির সদস্য সচিব জনাব মোঃ আমিরুল ইসলাম সভাকে জানান যে, কৃষি মন্ত্রণালয়ের বাজেটে সচিবালয় অংশে বরাদ্দকৃত অনুষ্ঠান /উৎসবাদি খাত হতে ৫০,০০০/-টাকা ''বিশ্ব খাদ্য দিবস-২০১৬" উদযাপনের জন্য ব্যয় করা যাবে।

**৭। বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ**

**৭.ক** সেমিনার, প্রচার-প্রকাশনা ও খাদ্য প্রদর্শনী উপকমিটি কর্তৃক নিজ নিজ কমিটির কার্যপরিধি অনুযায়ী বিশ্ব খাদ্য দিবস-২০১৬ বিগত বছরের তুলনায় আরও সুন্দর ও সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ এবং বাজেট নির্ধারণ করে উপকমিটির সভার কার্যবিবরণী অর্থ উপকমিটির অনুমোদনের জন্য যথাশিঘ্র পেশ করতে হবে। অর্থ উপকমিটি সভা করে উপকমিটিসমূহের প্রাপ্ত বাজেট অনুমোদন করে কেন্দ্রীয় কমিটিকে অবহিত করবে।

**৭.খ অনুদান প্রাপ্তি ঃ**

| ক্রম | দপ্তর/সংস্থার নাম | ২০১৬ সালের জন্য নির্ধারিত | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | কৃষি মন্ত্রণালয় | ৫০,০০০/- | |
| ২. | এফএও ($১৬৮০@ সম্ভাব্য টা. ৮০/-) | ১,৩৪,০০০/- | * এফএও প্রদেয় অনুদান ১৬৮০ মাঃ ডলার বর্তমান মুদ্রা বিনিময় হার অনুযায়ী হবে। |
| ৩. | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | ২,০০,০০০/- | |
| ৪. | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | ১,৯০,০০০/- | |
| ৫. | বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন | ২,০০,০০০/- | |
| ৬. | বাংলাদেশ ইক্ষু গবেষণা ইনস্টিটিউট | ৮৫,০০০/- | |
| ৭. | বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট | ১,০০,০০০/- | |

| ক্রম | দপ্তর/সংস্থার নাম | ২০১৬ সালের জন্য নির্ধারিত | মন্তব্য |
|---|---|---|---|
| ৮. | বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল | ১,০০,০০০/- | |
| ৯. | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | ১,১০,০০০/- | |
| ১০. | বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট | ৮৫,০০০/- | |
| ১১. | তুলা উন্নয়ন বোর্ড | ৫৫,০০০/- | |
| ১২. | মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | ৩০,০০০/- | |
| ১৩. | বরেন্দ্র মহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ | ২,০০,০০০/- | |
| ১৪. | কৃষি তথ্য সার্ভিস | ৩০,০০০/- | |
| ১৫. | কৃষি বিপণন অধিদপ্তর | ৩০,০০০/- | |
| ১৬. | বীজ প্রত্যয়ন এজেন্সী | ২৫,০০০/- | |
| ১৭. | হর্টেক্স ফাউণ্ডেশন | ২৫,০০০/- | |
| ১৮. | ফলিত পুষ্টি ও মানব সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট | ৩০,০০০/- | |
| | **সর্বমোট ঃ** | **১৬,৭৯,০০০/-** | |

৭.গ। কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক অনুদানের অর্থ সরাসরি জনতা ব্যাংক, তোপখানা রোড কর্পোরেট শাখায় রক্ষিত হিসাবের শিরোনাম **DY. SECRETARY (ADMN)/ WORLD FOOD DAY চলতি হিসাব নং-013633005962**-এ আগামী ০৭-১০-২০১৬খ্রিঃ এর মাঝে জমা দিয়ে কৃষি মন্ত্রণালয়ের আন্তর্জাতিক সহযোগিতা-২ (আইসি-২) অধিশাখা-কে অবহিত করতে হবে। এফএও প্রদেয় অনুদান মার্কিন ডলারের বর্তমান বিনিময় হার অনুযায়ী টাকার অংকে একই হিসাবে জমা করে অবহিত করতে হবে।

৭.ঘ। বিশ্ব খাদ্য দিবস-২০১৬ উদ্‌যাপনের লক্ষ্যে আয়োজিত সেমিনার উপ-কমিটির অনুষ্ঠানাদির জন্য অনুমোদিত ২,৬০,০০০/-টাকা ব্যয় নির্বাহের জন্য (প্রদেয় অনুদান মাঃ ডলার ১৬৮০/- এর অতিরিক্ত) এফএও-এর সাথে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল প্রয়োজনীয় যোগাযোগ করবে। এ বিষয়টি আলাদাভাবে পত্র দিয়ে এফএও-কে অনুরোধ করা হবে।

৭.ঙ। অনুদান সংগ্রহের তথ্যাদি পরবর্তী কার্যক্রম গ্রহণের স্বার্থে জাতীয় সাংগঠনিক কমিটি এবং সংশ্লিষ্ট সকল সংস্থাকে অবিলম্বে অর্থ উপ-কমিটি কর্তৃক অবহিত করতে হবে।

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
(সৈয়দ আলী নাসিম খলিলুজ্জামান)
অতিরিক্ত সচিব
ও
আহবায়ক
অর্থ উপ-কমিটি
বিশ্ব খাদ্য দিবস-২০১৬
ফোন : ৯৫৬৬৬৩৪।

স্মারক নং-**১২.০০.০০০০.০২২.২৩.০০১.১৬-৪১১**

তারিখ ঃ ২৩ ভাদ্র ১৪২৩ বঙ্গাব্দ / ২০ সেপ্টেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

বিতরণ ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. সচিব, কৃষি মন্ত্রণালয় ও আহবায়ক, জাতীয় সাংগঠনিক কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।
[দৃঃ আঃ-সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা - সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।]
২. মহাপরিচালক (বীজ), অতিরিক্ত সচিব, কৃষি মন্ত্রণালয় ও আহবায়ক, প্রচার-প্রকাশনা উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।
৩. নির্বাহী চেয়ারম্যান, বিএআরসি, ফার্মগেট, ঢাকা ও আহ্‌বায়ক, সেমিনার উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।
৪. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা ও আহবায়ক, খাদ্য প্রদর্শনী ও মেলা উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।
৫. সংস্থা প্রধান (সকল) --------
৬. যুগ্ম-সচিব (পিপিবি), কৃষি মন্ত্রণালয় ও সদস্য, অর্থ উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।

৭. যুগ্ম সচিব (নিরীক্ষা), কৃষি মন্ত্রণালয় ও সদস্য, অর্থ উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।
৮. পরিচালক (অর্থ),বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ঢাকা ও সদস্য, অর্থ উপ-কমিটি,বিশ্ব খাদ্য দিবস- ২০১৬।
৯. পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ি, ঢাকা ও সদস্য, অর্থ উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।
১০. মহাব্যবস্থাপক (অর্থ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা ও সদস্য, অর্থ উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।
১১. উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ও সদস্য, অর্থ উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।
১২. উপ-পরিচালক (অর্থ ও হিসাব), বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ও সদস্য, অর্থ উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।
১৩. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ও সদস্য, অর্থ উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।
১৪. উপ-পরিচালক (প্রশাসন), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা ও সদস্য, অর্থ উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।
১৫. এফএও প্রতিনিধি, বাংলাদেশ, হাউস নং-৩৭, রোড নং-৮, ধানমণ্ডি, ঢাকা ও সদস্য, অর্থ উপ-কমিটি, বিশ্ব খাদ্য দিবস-২০১৬।
১৬. প্রোগ্রামার, আইসিটি সেল, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (কার্যবিবরণী কৃষি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. উপ-সচিব, আই সি-২ অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (নিরীক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭/০৯/১৬

(মোঃ আমিরুল ইসলাম)
উপসচিব
ই- মেইলঃ moabudget@yahoo.com
ও
সদস্য-সচিব
অর্থ উপ-কমিটি
বিশ্ব খাদ্য দিবস-২০১৬
ফোন ঃ ৯৫৪৫০৮১